MINISTRY OF CIVIL AVIATION AND TOURISM

Bangladesh Tourism Board
National Tourism Organization

কোভিড ১৯ চলাকালে বিনোদন কেন্দ্রের জন্য অনুসরণীয় নির্দেশিকা

বাংলাদেশ ট্যুরিজম বোর্ড
বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়

Bangladesh Tourism Board
(National Tourism Organization)
BSL Office Complex (Hotel InterContinental), Level-3
Building-2, 1 Minto Road, Dhaka-1000, Bangladesh
www.tourismboard.gov.bd
www.beautifulbangladesh.gov.bd

থিম পার্ক, বিনোদন পার্ক, ওয়াটার পার্ক, পারিবারিক বিনোদন কেন্দ্র, যাদুঘর, বিজ্ঞান কেন্দ্র এবং অন্যান্য বিনোদন এবং সাংস্কৃতিক আকর্ষণ পরিচালনায় নিম্নবর্ণিত নির্দেশনাসহ সংশ্লিষ্ট বিনোদন কেন্দ্রের নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের নির্দেশনা প্রতিপালন করতে হবে:

১. দর্শনার্থী প্রবেশের সময় করণীয়

১.১. বিনোদন পার্কের ধারণক্ষমতা নির্ধারণ করে প্রতি ৩ ফুট (১ মিটার) শারীরিক দূরত্ব বজায় রাখা নিশ্চিত করা সম্ভব হবে এমন পরিমাণ দর্শনার্থীকে প্রবেশের অনুমতি প্রদান করা।

১.২. শারীরিক দূরত্ব বজায় রাখা নিশ্চিত করার সুবিধার্থে পদচিহ্ন বা অন্য কোন চিহ্ন প্রদান ও প্রদর্শনের ব্যবস্থা করা।

১.৩. অনলাইনে টিকিট বিক্রয়ের পদ্ধতি চালু করা এবং তা অনুসরণে উৎসাহিত করা।

১.৪. দর্শনার্থী অতিথিদের ব্যক্তিগত জিনিসপত্রের সংখ্যা ও পরিমাণ হ্রাস করার জন্য উৎসাহিত করা এবং ব্যাগ স্যানিটাইজ করে লকারে রাখা।

১.৫. COVID-19 উপসর্গযুক্ত অতিথি বা কর্মচারীদের চিহ্নিত করা ও ফার্স্ট এইড বা প্রাথমিক চিকিৎসা/ প্রটোকল অনুসরণ নিশ্চিত করা।

১.৬. দর্শনার্থী অতিথিদের জন্য অর্থের বিনিময়ে মাস্ক, গগলস, ক্যাপ, গ্লাভস, হ্যান্ড স্যানিটাইজারের মতো স্বাস্থ্য সুরক্ষা সামগ্রী প্রাপ্তি নিশ্চিত করা।

১.৭. COVID-19 উপসর্গ চিহ্নিত ভিজিটরের অস্থায়ী বিচ্ছিন্নতা বা সংগনিরোধ জোন বা স্বাস্থ্য সেবা কেন্দ্রে স্থানান্তরের ব্যবস্থা গ্রহণ করা।

২. পেমেন্ট/ অর্থ লেনদেন

২.১. অতিথিদের অনলাইন অ্যাপস এর মাধ্যমে কেনাকাটা উৎসাহিত করা। নগদ লেনদেন অপরিহার্য হলে, ঘন ঘন হাত ধোয়া বা স্যানিটাইজ করার ব্যবস্থা রাখা।

২.২. অর্থ লেনদেনের সময় অতিথি ও কর্মীদের মধ্যবর্তী স্থানে প্লাস্টিক অথবা কাঁচের একটি ব্যারিয়ার রাখা।

২.৩. অর্থ লেনদেনকারী কর্মীদের স্বাস্থ্যবিধি নিশ্চিত করা।

৩. রাইডস, আকর্ষণ, ওয়াটার পার্ক এবং প্রদর্শনী

৩.১. কর্মী এবং দর্শনার্থী অতিথিদের জন্য মাস্ক পরা বাধ্যতামূলক করা এবং ঘন ঘন হাত ধোয়া বা স্যানিটাইজ করা।

৩.২. বসার জায়গা এবং দেখার জানালা ঘন ঘন স্যানিটাইজ করা।

৩.৩. শারীরিক দূরত্ব বজায় রাখার সুবিধার্থে প্রতিটি রাইডে দর্শনার্থী অতিথির সংখ্যা হ্রাস করা।

৩.৪. দর্শনার্থী অতিথিদের ব্যক্তিগত জিনিসপত্রের জন্য ব্যবহৃত রাইড স্টোরেজ এরিয়া স্যানিটাইজ করা।

৩.৫. দর্শনার্থী অতিথিদের ব্যবহারের সময় বেঁধে দেয়া এবং একমুখি চলাচলের ব্যবস্থা করা।

৩.৬. দর্শনার্থী অতিথিদেরকে শারীরিক/ সামাজিক দূরত্ব বজায় রাখার প্রয়োজনীয়তা সম্পর্কে সচেতন করার জন্য রেকর্ড করা বার্তা প্রচার বা চিহ্ন প্রদান বা অন্যান্য উপায় ব্যবহার করা।

৩.৭. পানিতে ভাসমান বা অন্যান্য পরিবহনের ক্ষেত্রে একই পরিবারের সদস্যদের একসাথে বহন করা।

৩.৮. যথাযথভাবে সুইমিং পুলের পানি জীবাণুমুক্ত করা।

৩.৯. প্রতিবার ব্যবহারের পর লাইফ জ্যাকেট পরিষ্কার এবং স্যানিটাইজ করা।

৩.১০. ডিটারজেন্ট এবং ড্রায়ার ব্যবহার করে যথারীতি তোয়ালে ধৌত করা ।

৪. খাদ্য,পানীয় ও ডাইনিং টেবিল

৪.১. শারীরিক দূরত্ব বজায় রাখার জন্য আসন হ্রাস করা। একই পরিবারের ক্ষেত্রে একসাথে বসার ব্যবস্থা করা।

৪.২. ডাইনিং টেবিল, টেবিল পোস্ট স্ট্যান্ড এবং খাদ্য, পানীয় ও ডাইনিং টেবিল সংক্রান্ত সেবার স্থানগুলো ঘন ঘন স্যানিটাইজ করা।

৪.৩. পুনঃব্যবহারযোগ্য মেনুর পরিবর্তে একবার ব্যবহার ও নিষ্পত্তিযোগ্য কাগজ মেনু বা মেনু চিহ্ন ব্যবহার করা।

৪.৪. খাদ্য, পানীয় ইত্যাদি গ্রহণের স্থানে অতিথিদের ভিড় কমানোর জন্য প্রযুক্তিগত বিকল্প পদ্ধতি ব্যবহার করা।

৪.৫. স্ট্র-প্যাকেটে মোড়ানো রাখা। প্যাকেজকৃত একবার ব্যবহার্য প্লেট, গ্লাস, চামচ ইত্যাদি ব্যবহার বিবেচনা করা।

৪.৬. দর্শনার্থী অতিথি সংখ্যার অনুপাতে বুফে স্টেশন স্থাপন করা ।

৪.৭. রান্নাঘর নিয়মিত পরিষ্কার এবং জীবাণুমুক্ত করা।

৪.৮. ডিশ ওয়াশিং মেশিনে ডিশ, সিলভারওয়্যার এবং গ্লাসওয়্যার ধুয়ে পরিষ্কার ও জীবাণুমুক্ত করা।

৪.৯. ভেন্ডিং মেশিন ঘন ঘন স্যানিটাইজ করা।

৫. পণ্য বিক্রয়

৫.১. দর্শনার্থী অতিথিদের সুবিধার্থে হ্যান্ড স্যানিটাইজার, মাস্ক/ ফেস কভারিং বিক্রয়ের ব্যবস্থা রাখা।

৫.২. ক্রেতাগণের সামাজিক দূরত্ব যথাযথভাবে মেনে চলার সুবিধার্থে ফ্লোরে চিহ্ন দেয়া।

৫.৩. মোড়ক, পারটিশন, ফোন, হ্যান্ডেলস, চেয়ার টেবিলের শক্ত উপরিভাগ, হাতল প্রায়শই স্পর্শ করা হয় এমন স্থান ঘন ঘন এবং শিফট পরিবর্তনের পরে স্যানিটাইজ করা।

৫.৪. দর্শনার্থী অতিথিদের ক্রয়কৃত পণ্য শপিং ব্যাগে নিজ দায়িত্বে রাখার অনুমতি প্রদান করা যেন বিক্রয় কর্মীরা স্পর্শ না করে।

৬. গেমস এরিয়া এবং সুসজ্জিত পথ

৬.১. অতিথিদের হ্যান্ড স্যানিটাইজার এবং সেলফ সার্ভিস স্যানিটাইজিং এর ব্যবস্থা রাখা।

৬.২. খেলার কক্ষে খেলোয়াড়দের মধ্যে ৬ ফুট (২ মিটার) শারীরিক দূরত্ব বজায় রেখে মেশিন স্থাপন করা এবং পাশাপাশি গেম খেলা থেকে বিরত রাখার জন্য প্রয়োজনীয় সংখ্যক মেশিন ব্যবহার বন্ধ রাখা।

৬.৩. খেলোয়াড়দের নিজেদের মধ্যে এবং খেলোয়াড় ও কর্মচারীদের মধ্যে শারীরিক দূরত্ব নিশ্চিত করা। খেলার মেশিন পৃথককারী প্রতিবন্ধক এবং অন্যান্য উচ্চ স্পর্শকারক স্থান ঘন ঘন পরিষ্কার করা।

৬.৪. শারীরিক দূরত্ব এবং স্যানিটেশন প্রোটোকল পরিচালনা করা কঠিন হতে পারে এমন সফট গেমস, বল পুল এবং ইনফ্ল্যাটেবলগুলো পরিচালনা না করার বিষয়টি বিবেচনা করা।

[বিঃ দ্রঃ এই নির্দেশিকা পর্যটন সংশ্লিষ্ট প্রতিষ্ঠান চালু করার নির্দেশিকা নয়, বরং উপযুক্ত কর্তৃপক্ষের নির্দেশে যখন পর্যটন সংশ্লিষ্ট প্রতিষ্ঠান চালু হবে তখন এই নির্দেশিকা অনুসরণ করা আবশ্যক হবে]